তারিখ 26 FEB 2015
পৃষ্ঠা ০২ কলাম ০৫

দৈনিক ইত্তেফাক

# চট্টগ্রামে শিক্ষা প্রতিষ্ঠান খুললেও পাঠদান বন্ধ

## অভিভাবকদের আতঙ্ক কাটেনি

■ চট্টগ্রাম অফিস

চট্টগ্রামে হরতাল অবরোধের মধ্যে বন্ধ থাকা শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার উদ্যোগে কাজ হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান খুললেও পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের নিরাপত্তায় পুলিশের সহযোগিতার আশ্বাস এবং জেলা প্রশাসনের টেলিফোনেও সচল হয়নি পাঠদান কার্যক্রম। প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি স্বাভাবিক দাবি করা হলেও বাস্তব পরিস্থিতি ভিন্ন। কিছু ব্যতিক্রম ছাড়া টানা হরতাল ও অবরোধে নাশকতার আশঙ্কায় অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। পেট্রোল বোমা আতঙ্কে অভিভাবকরা সন্তানদের স্কুলে পাঠাচ্ছেন না। টানা হরতালের জন্য নগরীর ইংরেজি মাধ্যম স্কুলগুলোতে সপ্তাহের পাঁচদিন ক্লাস বন্ধ থাকে। শুধু শুক্র ও শনিবার ক্লাস হয়। তবে ক্লাস চলার সময় স্কুলের গেটের সামনে উদ্বিগ্ন অভিভাবকদের ভিড় লেগেই থাকে। ক্লাস শেষ হলে সন্তানদের নিয়ে তড়িঘড়ি বাড়ি ফেরেন তারা। অন্যদিকে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ক্লাস চললেও উপস্থিতির হার খুবই কম। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও চুয়েটে বাস সার্ভিস বন্ধ থাকায় ক্যাম্পাসে যেতে শিক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। অভিভাবকদের সাথে কথা বলে জানা যায়, স্কুলের ভেতরে কোনো সমস্যা হবে না জানলেও রাস্তায় পেট্রোল বোমার আশঙ্কা রয়েছে। সে কারণে তারা সন্তানদের স্কুলে পাঠাচ্ছেন না।

এ বিষয়ে জানতে চাইলে সিএমপির অতিরিক্ত কমিশনার (অপরাধ ও অভিযান) বনজ কুমার মজুমদার বলেন, আমরা শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তার জন্য সব রকম সহযোগিতা দিতে প্রস্তুত আছি। নগরীর পরিস্থিতিও আগের তুলনায় এখন অনেক ভালো। অভিভাবক বা শিক্ষার্থীদের আতঙ্কিত হওয়ার মত ভয়াবহ কোনো অবস্থা এখন আর নেই। আমরা শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করতে দুয়েকদিনের মধ্যে আরো কঠোর পদক্ষেপ গ্রহণ করবো।

চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. দৌলতুজ্জামান খান ইত্তেফাককে বলেন, চট্টগ্রামের সকল শিক্ষা প্রতিষ্ঠানই খোলা রয়েছে। তবে উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষার্থী উপস্থিতির হার তুলনামূলক কম।